# টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়

## নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

## (জানুয়ারী-মার্চ/২০২৪)

সভার স্থান ঃ পৌর সভাকক্ষ       সভার তারিখ ঃ  ২৭/০৩/২০২৪ খ্রিঃ       সভার সময় ঃ ১১.০০ ঘটিকায়       সভার সভাপতি ঃ জনাব শেখ তোজাম্মেল হক টুটুল,  মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা।

সভার উপস্থিতিঃ   পরিশিষ্ট  - 'ক' দ্রষ্টব্য       বিশেষ আমন্ত্রিত অতিথি ঃ

সভা পরিচালনাকারী ঃ জনাব জহির উদ্দিন, পৌর নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা।

**আলোচ্যসূচী  - ১    ঃ  বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিক ভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| বিগত  সভার কার্যবিবরণী পাঠ করেন জনাব জহির উদ্দিন, পৌর নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা। | কার্যবিবরণী  সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে বলে সভায় মত ব্যক্ত হয়। | | বিগত TLCC সভার কার্যবিবরণী সঠিক ভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতিরক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী  - ২       ঃ বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

আলোচ্যসূচী  - ২ (ক) ঃ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**ক্ষেত্র-১ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)**

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১. | (ক)  TLCC গঠন কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন , ২০০৯এর ১১৫ ধারা) | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা চলমান আছে এবং প্রয়োজনে বিশেষ সভা আহ্বান করা হয়। প্রতিটি সভায় সকল শ্রেনীর উপস্থিতিতে নারী ও পুরুষ সমান সুযোগ দেওয়া হয়। চলতি কোয়ার্টারে TLCC-র সভায় মোট হয় ৩৩ জন তার মধ্যে পুরুষ ১৮ জন এবং নারী ১৫ জন। মেয়র, নারী কাউন্সিলর এবং পৌর নির্বাহী কর্মকর্তা সহ  ০৪ জন, পুরুষ কাউন্সিলর ০৯ জন, সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি ০৪ জন, পেশাজীবী প্রতিনিধি ০৩ জন, নাগরিক সমাজের প্রতিনিধি ০৭ জন, NGO প্রতিনিধি ০২ জন, শহরে দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি ০৪ জন উপস্থিত ছিলেন। | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | সচিব |
| | (খ) WC গঠন কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন , ২০০৯এর ১৪ ধারা ) | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ➤ ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠিত হয়েছে। চলতি কোয়ার্টারে মোট ০৯ টি | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | সদস্য সচিব, ওয়ার্ড কমিটি |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | ওয়ার্ডে সভা আহবান করা হয় এবং ০৯ টি ওয়ার্ডের সভায় মোট ৭৩ জন উপস্থিত হয়। সভায় মোট পুরুষ উপস্থিত ৩৯ জন এবং মহিলা ৩৪ জন।<br>➢ ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা হয়েছে। WC-র সভা থেকে যে সমস্ত চাহিদা পাওয়া গেছে সেগুলো হচ্ছে রাস্তা নির্মান ও রক্ষনাবেক্ষণ, টয়লেট নির্মান ও ঘাটলা নির্মান, সড়ক বাতি স্থাপন ও অকেজো সড়কবাতি মেরামতকরন, ডাস্টবিন নির্মান ও পরিষ্কার করন, মশা নিধন করা এবং ড্রেন পরিষ্কার করা বিষয়গুলো উত্থাপিত হয় এবং তা পৌর পরিষদের সভায় উপস্থাপন করা হবে। | | |
| | (গ) নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | কার্যক্রমটি চলমান আছে। | ➢ পৌরসভার অভ্যন্তরে অভ্যর্থনা কেন্দ্র স্থাপন করা হয়েছে। আগত অতিথিগন নিয়মিত সেবা পাচ্ছে। নাগরিক সনদ (Citizin Charter) পৌরসভা অফিস চত্ত্বর, উপজেলা চত্তর,পাটগাতী বাসষ্ট্যান্ডে, পাচঁকাহনিয়া ব্রীজ সংলগ্ন ও পাটগাতী চৌরঙ্গিতে প্রদর্শন করা হয়েছে। পৌরসভার বিভিন্ন সেবা সম্পর্কে তথ্য দেওয়া আছে এতে পৌরবাসী তাদের প্রয়োজনীয় সেবাসমূহ সম্পর্কে জানতে পারছে।<br>➢ চলতি কোয়ার্টারে পাটগাতী গিমাডাঙ্গা পানি পায় না সংক্রান্ত ০২ টি এবং ময়লা সংক্রান্ত ০২ টি মৌখিক অভিযোগ পড়েছে এবং তা নিষ্পত্তি করা হয়েছে। | | শেখ আহসান হাবীব কর আদায়কারী |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | ➢ (ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ➢ তথ্য ও অভিযোগ প্রতিকার সেল গঠিত আছে। পৌরসভা অফিসে অভিযোগ বাক্স স্থাপন করা আছে। অভিযোগের ভিত্তিতে বাদী ও বিবাদীর উপস্থিতিতে অভিযোগ নিস্পত্তি করা হয়। প্রত্যেক ওয়ার্ডে পানি সরবরাহের সমস্যা, সড়ক বাতি, ড্রেন পরিষ্কার সংক্রান্ত সহ বিভিন্ন ধরনের সমস্যার অভিযোগ থাকে তা লিখিত বা মৌখিক ভাবে পৌরসভায় অভিযোগ করে থাকে। অভিযোগ দাখিলের ১৫ দিনের মধ্যে এর সমাধান করা হয়ে থাকে। প্যানেল মেয়র ও সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর গনের উপস্থিতিতে সমাধান করা হয়ে থাকে। অভিযোগ নিস্পত্তির রেজুলেশন প্রতি ০৩ মাস পর পর পিএমও-তে পাঠানো হয়। | | সচিব |
| **২.** | **নগর পরিকল্পনা** | | | | |
| | (ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রনয়ন ও বাস্তবায়ন | ➢ IUGIP সহ অন্যান্য প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ করা হয়।<br>➢ পৌর এলাকায় পানি সরবরাহের জন্য শুধু মাত্র লবন যখন আসে জলাধার নির্মানের কাজ দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ করা হয়। | ➢ IUGIP নতুন প্রকল্প শুরু হয়েছে উক্ত প্রকল্পে মোট ০৫ টি স্কীমের প্রাক্কলন অনুমোদনের জন্য প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্প স্কীমগুলো অনুমোদন পাওয়া গেলে যথাসময়ে টেন্ডার আহবান করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকার উন্নয়ন কর্মকান্ড সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ পত্র প্রেরনের সুপারিশ। | পৌর পরিষদ ও সকল কর্মকর্তা ও কর্মচারী |
| | (খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন | অনুমোদিত ভবন গুলো পৌরসভার প্রকৌশল শাখাকে নিয়মিত তদারকি করার সুপারিশ করা হয়। | ➢ বিধি অনুযায়ী পরিকল্পিতভাবে নগর গড়ে তোলার জন্য সকলকে সচেতন করা বিষয়ে আলোচনা করা হয়। জানুয়ারী-মার্চ/২০২৪ ইং কোয়ার্টারে ০৪টি প্লানের আবেদন জমা পড়েছে এবং ৪টি প্ল্যান অনুমোদন করা হয়। তাছাড়া যেসকল বাড়ির মালিকগন প্ল্যান অনুমোদন ছাড়া বাড়ি নির্মান করছেন তাদের কে প্ল্যান অনুমোদনের নোটিশ প্রদান করা হয়। | | প্রকৌশল বিভাগ |
| | (গ) বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন | ক্ষতিগ্রস্থ কাজগুলো দ্রুত মেরামত করার সুপারিশ করা হয়। | প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থ বছরের একটি রক্ষণাবেক্ষন পরিকল্পনা করা হয়েছে। O&M পরিকল্পনা অনুযায়ী | প্রণয়নকৃত বার্ষিক O&M কর্ম পরিকল্পনা ও পৌর রাজস্ব হতে প্রস্তাবিত বার্ষিক O&M বাজেট | শাহীনুজ্জামান নির্বাহী প্রকৌশলী |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীতৃপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | বর্তমানে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং সর্বক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে কাজ করা হচ্ছে এবং সাথে সাথে জনগনকে সচেতন করার জন্য অনুরোধ করা হল। তাছাড়া O&M কাজ মাঝে মাঝে করা হচ্ছে। একই সাথে যে সকল স্থানে ফুটপাত ভেঙ্গে গেছে তা মেরামত করা হচ্ছে। | সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | **নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ** | | | | |
| | (ক) জেন্ডার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা ) | | ➢ GAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থ বছরে ও পৌরসভার রাজস্ব তহবিল থেকে ৬,৫১,২৮৩/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>➢ GAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থ বছরেও পৌরসভার রাজস্ব তহবিল থেকে বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করা হবে। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে। | প্রণয়নকৃত GAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা ও বাজেট সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জুয়েল আহমেদ হিসাব সহকারী |
| | (খ) দারিদ্র হ্রাসের কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ( নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী ) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা) | | ➢ PRAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থ বছরেও পৌরসভার রাজস্ব তহবিল থেকে ১৬,২৮,২০৭/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং ২০২৩-২৪ অর্থবছরের একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে এবং কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করা হচ্ছে।<br>➢ দারিদ্র হ্রাসের কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে। তিনি আর ও বলেন , | প্রণয়নকৃত PRAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা ও বাজেট সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | শাহীনুজ্জামান নির্বাহী প্রকৌশলী |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | টুঙ্গিপাড়া পৌরসভার ০৯টি ওয়ার্ডে ০৯টি নিম্ন আয় কমিউনিটি উন্নয়ন কমিটির পিজি এবং লিনিক গঠন করা হয়েছে এবং প্রকল্প পরিচালক মহোদয় বরাবর প্রেরন করা হয়েছে । | | |
| | (গ) নিম্ন আয়ের এলাকা উন্নয়নের জন্য নিম্ন আয় কমিউনিটি উন্নয়ন কমিটি ( LINIC). | মালোপাড়া বস্তির চলমান কাজগুলো দ্রুত বাস্তবায়ন করারস সুপারিশ করা হয়। | ➢ PG & (LINIC) গঠন করা হয়েছে এবং প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। | | শাহীনুজ্জামান<br>নির্বাহী প্রকৌশলী |
| ৪. | **স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি** | | | | |
| | (ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | ➢ ট্যাক্স আদায়ের হার বাড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সুপারিশ করা হয়।<br>➢ দীর্ঘ দিনের বকেয়া কর আদায়ের জন্য আইনি ব্যাবস্থা গ্রহনের সুপারিশ করা হয়। | ➢ ট্যাক্স আদায়ের হার বাড়ানো জন্য প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে মাইকিং করা হয়েছে।<br>➢ ১লা জুলাই/২০২৩ থেকে বকেয়া করের পরিমান দাড়ায় ৩৯১০৫৬০/- টাকা এবং হাল দাবীর পরিমান ১৩৫৫৯৬৯৩/- টাকা সর্বমোট দাবীর পরিমান ১৭৪৭০২৫৩/- টাকা। সর্বমোট (চলতি+বকেয়া) জানুয়ারী-মার্চ/২৪ইং পর্যন্ত আদায় ২৮৮১৯৬১/- টাকা, যা দাবীর ৩০% ।<br>➢ কমিটির সদস্য সচিব জনাব শেখ মোস্তাইন বিল্লাহ, এসেসর, টুঙ্গিপাড়া পৌরসভা, বলেন যে, প্রতিটি পৌরসভায় পাঁচ বছর অন্তর রি-এ্যাসেসমেন্ট/পুনঃকর (Re-assessment) নির্ধারণ কার্যক্রম সম্পন্ন করতে হয়। তিনি জানান যে, জনগনকে কর প্রদানে উৎসাহী করতে হবে ও পৌর সেবা সমূহ সম্পর্কে জনগকে সচেতন করতে হবে এবং পৌরসভা ও জনগনের মাঝে সেতুবন্ধন হিসাবে কাজ করতে হবে। কর আদায়ের কাজে কর্মকর্তা কর্মচারীদের শতভাগ স্বচ্ছতা থাকতে হবে। কর আদায়ের কাজে সহযোগীতা প্রদান করার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরদের সহযোগীতা একান্ত প্রয়োজন। সময়মত | প্রাইভেট হোল্ডিং-এ ২০% কর ধার্য্য ও সরকারী কর ২০% ধার্য্য করার এবং অটো ভ্যান, ইজি বাইকের লাইসেন্স প্রদানের সুপারিশ এবং অপ্রাপ্ত বয়সীদের ড্রাইভিং লাইসেন্স না দেওয়ার সুপারিশ করা হয়। | কর নির্ধারক<br>ও<br>কর আদায়কারী |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | কর পরিশোধের জন্য জনগনকে উদ্বুদ্ধ করতে হবে। তিনি আরও বলেন আইইউজিপি প্রকল্পের শর্ত অনুযায়ী ৭০% ট্যাক্স আদায় করতে হবে। ট্যাক্স আদায় করার জন্য বিভিন্ন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা করেন। ট্যাক্সের বিলের কপি গ্রাহকের নিকট পৌছানোর সময় বকেয়া ট্যাক্স প্রদানের জন্য নোটিশ দিতে হবে। কর সংক্রান্ত ডাটাবেজ তৈরী করতে হবে এবং বকেয়া করের তালিকা হালনাগাদ করা বিষয়ে বিশদ আলোচনা করেন। পৌর এলাকার মধ্যে যে সমস্ত দোকানগুলো আছে তার একটি তালিকা প্রনয়ন করে তা সঠিক নিয়মে এ্যাসেসমেন্ট করে লাইসেন্স প্রদান করা বিষয়ে আলোচনা করা হয় | | |
| | (খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ হোল্ডিং ট্যাক্স ব্যাতিত। | পরোক্ষ করের আদায়ের হার বাড়ানোর জন্য বিভিন্ন উৎস খুজে বের করার সুপারিশ করা হয়। | ➢ ট্রেড লাইসেন্স, নাগরিক সনদ সহ বিভিন্ন সনদ ডিজিটালাইজড হয়ে গেছে আপনারা নিজেরাই অনলাইনে আবেদন করতে পারবেন। গুগল থেকে https://digitalpaurashava.gov.bd এই লিঙ্ক এ ভিজিট করে একাউন্ট তৈরী করে এবং বিকাশ বা অন্য সব লেনদেনের মাধ্যমে ফি পরিশোধ করে আপনি আপনার সেবা গ্রহন করতে পারবেন।<br>➢ ২০২৩-২৪ অর্থ বছরের পরোক্ষ কর দাবীর পরিমান ২,৫০,৬৪,১৪৫/- টাকা চলতি কোয়ার্টারে (জানুয়ারী-মার্চ/২৩ ইং) আদায়ের পরিমান ১,৯০,০৬,৯৩১/- টাকা। যা সর্বমোট দাবীর ৭৬.০০% আদায়। | | পৌর নির্বাহী কর্মকর্তা,<br>হিসাব রক্ষণ কর্মকর্তা<br>ও<br>কর আদায়কারী |
| | (গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রর্বতন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন। | প্রক্রিয়টি চলমান রাখতে হবে। | ➢ কম্পিউটারে বিল প্রিন্ট করে বাড়ীতে বাড়ীতে নিয়মিত প্রেরন করা হয়। | | শেখ মোস্তাইন বিল্লাহ<br>কর নির্ধারক |
| | (ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ। | মেয়র মহোদয় TLCC-র সদস্যদের বক্তব্য শুনে আশ্বাস দিয়েছেন পর্যায়ক্রমে সমস্যা সমাধান করা হবে। | ➢ ২০২৩-২৪ অর্থ বছর শেষে ০১ জুলাই ২০২৩ইং তারিখে পানির বিলের বকেয়া বিলের পরিমান দাড়ায় ১৭,৭৫,০০০/- টাকা। ২০২৩-২৪ অর্থ বছরে চলতি কোয়ার্টারে অর্থাৎ (জানুয়ারী- | | নির্বাহী প্রকৌশলী |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | মার্চ/২৩ইং) মাসে দাবীর পরিমান ৩২৫৭২৫০/- টাকা এবং সর্বমোট দাবীর পরিমান ১১৫৫৩৬৫০/- টাকা। জানুয়ারী-মার্চ/২৩ইং পর্যন্ত সর্বমোট আদায়ের পরিমান ৭৫৯৪৮৫৩/- টাকা হয়েছে, যা দাবীর ৭৩% । | | |
| ৫. | **আর্থিক ব্যাবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা** | | | | |
| | (ক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন্ ( সূত্র :পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা )। | ➢ ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট প্রণয়নকৃত বাজেট সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>➢ বাজেট বরাদ্দ অনুযায়ী কাজ করার সুপারিশ করা হয়। | ➢ TLCC-র সভায় ২০২৩-২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২২-২৩ অর্থ বছরের সংশোধনী বাজেট প্রনয়ন সম্পর্কে আলোচনা করা হয়।<br>➢ ২০২৩-২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে বিভিন্ন খাতে বরাদ্দ রাখা হয়েছে। যেমনঃ- অবকাঠামো ও স্থাপনা পরিচালন ও রক্ষনাবেক্ষন (O&M) বাজেট, PRAP & GAP খাতে বাজেট, বিদ্যুৎ ও টেলিফোন বিলের জন্য বাজেট, বিভিন্ন প্রশিক্ষন কর্মসূচীর বাজেট, বর্জ্য সংগ্রহ ও অপসারন এবং ব্যবস্থাপনা খাতে বাজেট, ড্রেন পরিস্কার ও রক্ষনাবেক্ষন খাতে বাজেট, সড়ক বাতি কার্যকর রাখার জন্য বাজেট, Mobile Maintenance-এর জন্য বাজেট, স্যানিটেশন কার্যক্রমের জন্য বাজেট বরাদ্দ সহ আরও বিভিন্ন গুরুত্বপূর্ন খাতে বাজেট বরাদ্দ রাখা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট প্রণয়ন করা হয়েছে। | | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| | (খ) অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা ) সম্পন্ন কর( সূত্র :পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা )। | কার্যক্রমটি চলমান আছে। | ➢ হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করা হয় এবং প্রতি মাসের আয়-ব্যয় বিবরনী প্রস্তুত করে সভাকে অবহিত করা হয়।<br>➢ জনাব রোজিনা পারভীন, হিসাব রক্ষণ কর্মকর্তা বলেন অডিট এবং একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটি ইতিমধ্যে অভ্যন্তরিন নিরীক্ষা সম্পূর্ন করেছেন এবং একটি নিরীক্ষা প্রতিবেদন মেয়র মহোদয়ের নিকট দাখিল করা হয়েছে। | | হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | ➢ প্রতি কোয়াটারে ট্যাক্সের বিল যথানিয়মে গ্রাহকের নিকট পৌছায় না,দোকান পাটের সাইন বোর্ডের কর নির্ধারন না করা, মোবাইল টাওয়ারের কর নির্ধারন না করা, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স নির্ধারন না করা, পৌর কর আদায়ের ক্ষেত্রে কর রেজিষ্টার যথা নিয়মে সংরক্ষন করা হয় না ইত্যাদি বিষয়ে অডিট কমিটিতে আপত্তি করা হয়। উল্লেখিত আপত্তি সমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিস্পত্তির জন্য সুপারিশ আকারে মাননীয় মেয়র মহোদয়ের নিকট প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | (গ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থা প্রবর্তন নিয়মিত রাখা ও স্বচ্ছতার সাথে নিয়মিত যথা সময়ে আয়-ব্যয় বিবরণী প্রিন্ট করে মেয়রের নিকট উপস্থাপন করা হয়। | | হিসাবরক্ষণ কর্মকর্তা |
| | (ঘ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | বকেয়া বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধের সুপারিশ করা হয়। | ২০২২-২৩ অর্থ বছরে বিদ্যুৎ বিল এবং টেলিফোন বিল শতভাগ পরিশোধ করা হয়েছে। চলতি অর্থ বছরে ২০২৩-২৪ অর্থ বছরে চলতি বিল পরিশোধ করা হয়ছে। | | হিসাবরক্ষণ কর্মকর্তা |
| | ঙ) স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | ডাটাবেজ তৈরীর কাজ দ্রুত শেষ করার সুপারিশ করা হয়। | স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ তৈরী করা হয়েছে। কিন্তু কম্পিউটারে ডাটাবেজ তৈরী করার জন্য উপ-সহকারী প্রকৌশলী জনাব ইমরান হোসেন কে সফট্ওয়ার প্রশিক্ষন দেওয়া হয়েছে। তিনি ডাটাবেজ তৈরি করছেন। | | আজিজুল হক বিশ্বাস সার্ভেয়ার |
| | (চ) সকল সরকারি ঋণ পরিশোধ করা | কোন সরকারি ঋণ নেই । | কোন সরকারি ঋণ নেই । | | |
| **৬.** | **প্রশাসনিক স্বচ্ছতা** | | | | |
| | (ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা ( সূত্র :পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা ) | সকল স্থায়ী কমিটির সভা নিয়মিত করার সুপারিশ করা হয়। | স্থায়ী কমিটির সব সভা নিয়মিত হচ্ছে না। | | সাচিবিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী |
| | (খ) সকল প্রশিক্ষণ কর্মসুচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | দক্ষতা বৃদ্ধির জন্য সকল প্রশিক্ষনে অংশ গ্রহন করা হয়। | | মেয়র |
| | (গ) সুশাননের জন্য উন্নত তথ্য প্রযুক্তি /IIT ব্যাবহার( সূত্র :পৌরসভা আইন , ২০০৯ এর ৫৪ ধারা ) | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ➢ পৌরসভার সকল তথ্য ওয়েব সাইটে আপলোড নিয়মিত করা হচ্ছে।<br>➢ পৌরসভার ওয়েব সাইট ঠিকানা https://tungipaurashava.org | | শেখ মোস্তাইন বিল্লাহ কর নির্ধারক |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| **৭.** | **পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা** | | | | |
| | (ক) বর্জ্য সংগ্রহ, অপসারন এবং ব্যবস্থাপনা | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ➢ বর্জ্য সংগ্রহ, অপসারন এবং ব্যবস্থাপনা এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২২-২৩ অর্থ বছরেও পৌরসভার রাজস্ব তহবিল থেকে ৩০,০০,০০০/= টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>➢ বর্জ্য সংগ্রহের জন্য পৌর এলাকার মধ্যে বিভিন্ন স্থানে বিন স্থাপন করা হয়েছে এবং ময়লা আবর্জনা সংগ্রহ করে পৌরসভার বাহিরে নির্দিষ্ট স্থানে ফেলা হচ্ছে।<br>➢ TLCC-এর নাগরিক সমাজের প্রতিনিধি জনাব মোঃ ফেমাস শেখ বলেন যে, এই সিজনে বাহির থেকে অনেক আগন্তুক আসে তাদের সাথে যেন সৌজন্যমূলক আচরন করে তার ব্যবস্থা করা এবং তাদের কাছ থেকে পন্যদ্রব্যের মূল্যে বেশি না রাখে তার ব্যবস্থা করা। | প্রণয়নকৃত বর্জ্য সংগ্রহ, অপসারন এবং ব্যবস্থপনার কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | শেখ মোস্তাইন বিল্লাহ কর নির্ধারক |
| | (খ) ড্রেন পরিষ্কার ও রক্ষনাবেক্ষন | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ➢ ড্রেন পরিষ্কার ও রক্ষনাবেক্ষন এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থ বছরেও পৌরসভার রাজস্ব তহবিল থেকে ২০,৪০,০০০/- টাাক বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>➢ যে সমস্ত টয়লেটের সংযোগ ড্রেন/খালের সাথে ছিল তা অপসারন করা হয়েছে এবং যারা এ ধরনের কার্যক্রম করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্ত্রা নেওয়া হচ্ছে।<br>➢ TLCC-এর নাগরিক সমাজের প্রতিনিধি জনাব আরিফা বেগম বলেন যে, ০৪ নং ওয়ার্ডের ড্রেন পরিষ্কার করা প্রয়োজন এবং একটি সোলারের ব্যবস্থা করা প্রয়োজন। | প্রণয়নকৃত ড্রেন পরিষ্কার ও রক্ষনাবেক্ষন কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | শেখ মোস্তাইন বিল্লাহ কর নির্ধারক |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | (গ) সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ➢ সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থ বছরেও পৌরসভার রাজস্ব তহবিল থেকে ১৩,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে ও একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>➢ সড়ক বাতি ৯৮% সচল আছে শত ভাগ যাতে সচল থাকে সে ব্যাপারে কাজ চলছে। | প্রণয়নকৃত সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থার কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | শেখ মোস্তাইন বিল্লাহ কর নির্ধারক |
| | (ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষনাবেক্ষন Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করন। | ➢ প্রক্রিয়াটি চলমান রাখতে হবে।<br>➢ নতুন প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ করা হয়। | ➢ অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষনাবেক্ষন Mobile aintenance Team গঠন এবং কার্যকারি করন এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থ বছরেও পৌরসভার রাজস্ব তহবিল থেকে ৫,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>➢ ক্ষতি গ্রস্থ কাজগুলো নিয়মিত রক্ষনাবেক্ষণ করা হয় এবং প্রয়োজনীয় মেরামত করা হচ্ছে। কাজের গুনগত মান সন্তোষ জনক আছে।<br>➢ UIIP- প্রকল্পের আওতায় মোট ১০টি প্যাকেজ কাজের টেন্ডার আহবান করা হয়েছিল। তারমধ্যে ৮টি কাজ সমাপ্ত হয়েছে ২টি কাজ চলমান আছে ।<br>➢ IUIDP-Phase-2 প্রকল্পের আওতায় সকল কাজ সমাপ্ত করা হয়েছে।<br>➢ কাভিড-১৯ প্রকল্পের ০২ টি কাজ চলমান আছে। এর গড় অগ্রতি ৭০%। | প্রণয়নকৃত অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষনাবেক্ষন কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বহী প্রকৌশলী |
| | (ঙ) স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা। | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ➢ স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থ বছরেও পৌরসভার রাজস্ব তহবিল থেকে ৩,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>➢ বর্তমানে অস্বাস্থ্যকর লেট্রিন অপসারন | প্রণয়নকৃত স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনার কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | শেখ মোস্তাইন বিল্লাহ কর নির্ধারক |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | করা হচ্ছে এবং যাতে অস্বাস্থ্যকর লেট্রিন তৈরী করতে না পারে সে বিষয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে। তাছাড়া মাইকিং করে জনগনকে সচেতন করা হচ্ছে।<br>➢ TLCC-এর শহুরে দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি জনাব মোঃ শফিকুল ইসলাম বলেন যে, বাহির থেকে আগত অতিথিরা বাথরুমের জন্য বাড়ির ভিতরে চলে যায় এতে জনগনের সমস্যা হয় তার ব্যবস্থা নিশ্চিতকরন করা। | | |
| | (চ)অবকাঠামো নির্মান | নতুন প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ করা হয়। | ➢ IUGIP প্রকল্পের আওতায় নতুন করে ০৩টি প্যাকেজের টেন্ডার আহবান করা হয়েছে। UIIP প্রকল্পের ১০ টি প্যাকেজের টেন্ডার আহবান করা হয়েছিল। ০৮ টি কাজ সমাপ্ত হয়েছে অবশিষ্ট ০২টির কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার প্রচেষ্টা চলছে। | | শাহীনুজ্জামান<br>নির্বাহী প্রকৌশলী |

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(শেখ তোজাম্মেল হক টুটুল)
মেয়র ও সভাপতি, টিএলসিসি
টুঙ্গিপাড়া পৌরসভা।